



তারিখঃ ১২-০৩-২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

বিশ্ববিদ্যালয় পরিষদের টাওয়ার ভবন নির্মাণ কাজ উদ্বোধন

১১-০৩-২০১৭ তারিখ বেলা ২:৩০ টায় শেরেবাংলা নগরের আগারগাঁও ইউজিসি সংলগ্ন স্থানে ৩৮ টি পাবলিক বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের জন্য ১ লক্ষ বর্গফুট করে ২ টি ২৪ তলা টাওয়ার ভবন নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন জাতীয় সংসদের মাননীয় সদস্য, সাবেক প্রতিমন্ত্রী এডভোকেট জাহাঙ্গীর কবির নানক। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি প্রফেসর ড. মোঃ আলাউদ্দিন সভাপতিত্ব করেন। প্রকল্পের বিভিন্ন দিক তুলে ধরে পরিষদের কোষাধ্যক্ষ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য ২০১৩ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা টাওয়ার ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়